মেহেরপুর জেলা যুবলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

সাংগঠনিক কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও কুষ্টিয়া ৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ এমপি।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ঢাকা ও খুলনা বিভাগের সাংগঠনিক দায়িত্ব প্রাপ্ত নেতা বাবু সুব্রত পাল।

প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ এমপি বলেন, যুবলীগ হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার অতন্দ্র প্রহরী। বাংলাদেশ আওয়ামীলীগ তথা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে একটি শক্তিশালী সংগঠন হিসেবে যুবলীগ কাজ করে যাচ্ছে। শেখ মনির হাত ধরে যে সংগঠন তৈরি হয়েছে, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভ্যানগার্ড হিসেবে যে কোন ষড়যন্ত্র মোকাবেলায় রাজপথে থাকতে যুবলীগ সর্বদা প্রস্তুত। বিভিন্ন জায়গায় যুবলীগের বিভক্ত নিয়ে তিনি বলেন, উন্নত বাংলাদেশ বিনির্মানে ঐক্যবদ্ধ হয়ে আমাদের কাজ করতে হবে।

প্রধান বক্তা হিসেবে বাবু সুব্রত পাল বলেন, দক্ষিণ এশিয়ার সব চেয়ে বড় সংগঠন যুবলীগ। যুবলীগকে আরও গতিশীল ও সুশৃঙ্খল করতে ঢেলে সাজাতে হবে। অনেক জায়গায় ১০-১৫ বছর ধরে কমিটি হয়নি। সাংগঠনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ২ বছরের মধ্যে দেশের প্রতিটি ইউনিটে যুবলীগকে ঢেলে সাজানো হবে।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক মোঃ শহিদুল ইসলাম পেরেশান ও শহিদ সরফরাজ হোসেন মৃদুলের যৌথ সঞ্চালনায় বক্তব্য দেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড ডা.শামীম আল সাইফুল

সোহাগ, কার্যনির্বাহী সদস্য মোঃ হুমায়ুন কবির, কেন্দ্রীয় কমিটির সদস্য শেখ জসিম উদ্দিন, জেমস স্বপন মল্লিক বাবু, এ্যাড মোঃ হুমায়ুন কবির, মোঃ রেজাউল ইসলাম রেজা, মোঃ জাকিরুল ইসলাম জাকির। বর্ধিত সভায় জেলা যুবলীগের বিভিন্ন ইউনিটের সভাপতি, সাধারণ সম্পাদকসহ নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগর সৃতিসৌধে যুবলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দদের শ্রদ্ধাঞ্জলী প্রদান

মুজিবনগর সৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেছেন যুবলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ।রবিবার সন্ধায় মেহেরপুর পোগ্রাম শেষে তারা একত্রে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন।
এ সময় বাংলাদেশ আওয়ামী যুব লীগের প্রেসিডিয়াম সদস্য ও কুষ্টিয়া ৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ, বাংলাদেশ আওয়ামী যুব লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ঢাকা ও খুলনা বিভাগের সাংগঠনিক দায়িত্ব প্রাপ্ত নেতা বাবু সুব্রত পাল,বাংলাদেশ আওয়ামী যুব লীগের সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড.শামীম আল সাইফুল সোহাগ, কেন্দ্রীয় যুব লীগের সদস্য জেমস স্বপন মল্লিক বাবু,সদস্য হুমায়ন কবির, শেখ জসিম উদ্দিন, এ্যাড. হুমায়ন কবির, রেজাউল ইসলাম রেজা, জাকিরুল ইসলাম জাকির,মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান ও সরফরাজ হোসেন মৃদুল প্রমুখ। শ্রদাঞ্জলী শেষে মুজিবনগর কমপ্লেক্স ঘুরে দেখেন নেতৃবৃন্দরা।

মেহেরপুরে গাঁজা ও ফেন্সিডিলসহ আটক-১

মেহেরপুরে গাঁজা ও ফেন্সিডিলসহ মহিরুল ইসলাম নামের এক যুবককে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। রবিবার সকাল সাড়ে দশটার দিকে মেহেরপুর শহরের গড়পাড়া এলাকার ইদ্রিস আলীর বাসায় অভিযান চালিয়ে মহিরুল ইসলাম কে গ্রেফতার করা হয়।

মহিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামের আকবর আলীর ছেলে। জানা গেছে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুরের পুলিশ সুপার রাফিউল আলম এর নির্দেশে মেহেরপুর জেলা গোয়েন্দা ডিবি পুলিশের ইন্সপেক্টর তরিকুল ইসলামের নেতৃত্বে ইন্সপেক্টর মুক্ত রায় চৌধুরী, এসআই অজয় কুমার কুন্ডু সহ সঙ্গীয় ফোর্স নিয়ে

শহরের গড়পাড়া এলাকার ইদ্রিস আলীর বাসায় অভিযান চালায়।

পরে তার ঘর তল্লাশি চালিয়ে ৬ বোতল ফেন্সিডিল, ১’শ গ্রাম গাঁজা ও মাদক বিক্রির ১৫’শ টাকা উদ্ধার করে ডিবি পুলিশ।

মহিরুল মেহেরপুর শহরের গড়পাড়ার মৃত নাজমুল হক বিশ্বাসের ছেলে ইদ্রিস আলীর বাসায় ভাড়া থাকতেন। ভাড়া বাড়ি থেকে মেহেরপুর ডিবি পুলিশ তাকে আটক করে।

দর্শনা সাংবাদিকদের পক্ষ থেকে কেরু’জ নবাগত এমডিকে ফুলের শুভেচ্ছা ও মতবিনিময়

চ্যালেন এস বাংলার কৃষিকথা এবং দৈনিক পশ্চিমাঞ্চল ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার পক্ষ থেকে কেরু এন্ড কোম্পানির নবাগত ব্যাবস্হাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন কে ফুলের শুভেচ্ছা

প্রদান করা হয়েছে। আজ ৩ অক্টোবর রোববার সকাল ১১ টায় কেরু’জ জেনারেল অফিসে নতুন এমডি জনাব মোঃ মোশারফ হোসেন কে ফুলের শুভেচ্ছা জানানো হয়। ফুলের শুভেচ্ছা জানানোর সময় উপস্থিত ছিলেন কেরু এন্ড কোম্পানির মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাবুদ্দিন, মহা-ব্যবস্থাপক (ফ্যাক্টারী) সুমন কুমার বিশ্বাস, মহা-ব্যবস্থাপক (কৃষি) গিয়াস উদ্দিন, মহা-ব্যবস্থাপক (ডিষ্ট্রীলারী) ফিদা হাসান বাদশা, প্রমূখ। তিনি মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি ও চ্যানেল এর জেলা প্রতিনিধি বাংলার কৃষি কথা অনুষ্ঠানের পরিচালক আফজালুল হক বাদল, মেহেরপুর প্রতিদিনের দর্শনা ব্যুরো প্রধান ও জাতীয় দৈনিক জনবানীর দামুড়হুদা প্রতিনিধি আহসান হাবীব মামুন, দৈনিক পশ্চিমাঞ্চলের দর্শনা অফিস সহকারী ব্যুরো প্রধান চঞ্চল মেহমুদ, মেহেরপুর প্রতিদিন ও চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠানের উপস্থাপক ফরহাদ হোসেন। ফুলের শুভেচ্ছা জানানোর সময় কেরু এন্ড কোম্পানির নবাগত এমডি মোঃ মোশারফ হোসেন বলেন আপনারা সাংবাদিক একটি সমাজের দর্পন। আপনাদের লেখার মাধ্যমে অন্যায় তুলে ধরেন এবং সমাজকে দূর্নীতি মুক্ত করেন।

তেমনি আপনাদের লেখনির মাধ্যমে এতদ্বাঞ্চলের একমাত্র ভারী চিনিশিল্প প্রতিষ্ঠান কেরু এন্ড কোম্পানীর উন্নতির লক্ষে আখ চাষে চাষিদের সাথে আমরা প্রতিদিনিই
মিটিং করছি খুব দ্রত আখ চাষ বেশি করা যায় সে দিকে আমরা এগুচ্ছি। এজন্য আপনাদের ধন্যবাদ এবং সেই সাথে চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠান এবং দৈনিক পশ্চিমাঞ্চল ও মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার জন্য শুভকামনা জানাই ।

ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের

[redacted]

[redacted]

ঝুকি নিয়ে মালখানার মধ্যে ঢুকে তিন জনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠান। আইনজীবী সহকারী নুর আমিন জানান, তিনি উদ্ধার কাজে অংশ নিতে গিয়ে নিজেই আহত হন। এক পুলিশ সদস্যও আহত হয়ে হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা গ্রহন করেন। তার মাথা ও শরীরে রক্ত ছিল। ঝিনাইদহ দমকল বাহিনীর উপ-পরিচালক শামিম জানান, মালখানায় আসলে কিসের বিস্ফোরণ ঘটেছে তা তদন্ত ছাড়া বলা যাবে না। তবে ইলেক্ট্রনিক কোন ডিভাইস বিস্ফোরণ হতে পারে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে নির্মানকাজে ব্যবহৃত ইলেক্ট্রনিক ডিভাইসের বিস্ফোরণ ঘটতে পারে। এ ঘটনায় ওয়েল্ডিং কারখানার মালিক শফিকুল নিহত ও তার ৩ শ্রমিক আহত হন। তিনি জানান পুরো ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, এ ঘটনার সঙ্গে কোন নাশকতা বা জঙ্গি কানেকশন নেই। এটা নিছক দুর্ঘটনা। তিনি বলেন, সেখানে পুলিশের এক সিপাই অনুপম উপস্থিত ছিলেন। তার সামনেই এ ঘটনা ঘটে। বারেক আলী নামে এক লেদগ্রিল ব্যবসায়ী জানান, সহজে বহনযোগ্য একটি চায়না সার্কিট মেশিন দিয়ে এমন কাজ করা যায়। যদি সে রকম মেশিন তারা ব্যবহার করে তবে বিস্ফোরণ ঘটতে পারে বরৈ তিনি মনে করেন। এদিকে অভিযোগ রয়েছে, ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের মালখানা দীর্ঘদিন অরক্ষিত। মালপত্র ছড়িয়ে ছিটিয়ে আছে। এর আগে একবার মালখানায় চুরি হয়েছে। সেখানে মুল্যবান মামলার আলামত, বিভিন্ন সময় উদ্ধার হওয়া সোনা, টাকা, মাদক ও দেশি কামারশালার অস্ত্র থাকলেও ঠিকাদারের যারা কাজ করতে প্রবেশ করেছিল সেই শ্রমিকদের নাম ঠিকানা বা ব্যক্তিগত কোন তথ্য মালখানার দায়িত্বরত এসআই ইমামুল দিতে পারেনি। ফলে দুর্ঘটার পর সেখানে কারা কাজ করছিলেন তা তাৎক্ষনিক ভাবে জানাতে পারেনি।

মেহেরপুরে ওয়ার্কশপে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে শিশু শ্রমিক নিহত

মেহেরপুর গাংনীতে একটি ওয়ার্কসপে কাজ করতে গিয়ে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে ইব্রাহিম (১৫) নামের এক শিশু শ্রমিকের। আজ রবিবার (৩ অক্টোবর) রবিবার দুপরে বামন্দীর সেলিম ওয়ার্কসপে এ

[redacted]

[redacted]
[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে ছাগল চুরি করে বাজারে বিক্রির সময় জনতার হাতে আটক, পুলিশে সোপর্দ

ছাগল চুরি করে গাংনী বাজারে বিক্রি করতে এসে হাতেনাতে আটক হয়েছেন শফিকুল ইসলাম (৪০) নামের এক রাজমিস্ত্রি। রোববার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। শফিকুল ইসলাম উপজেলার করমদি গ্রামের উত্তরপাড়ার খেদের আলীর ছেলে।

ছাগল মালিক পলাশীপাড়া গ্রামের পূর্বপাড়ার মৃত আজমত আলীর ছেলে রবিউল ইসলাম জানান, শনিবার দিবাগত রাত দেড়টার দিকে তিনি বুঝতে পারেন তার ছাগল চুরি হয়ে গেছে। তারপর থেকে তিনি ও আত্মীয়স্বজন চারিদিকে ছড়িয়ে পড়ে ছাগল খোঁজাখুঁজি শুরু করে। রোববার সকাল ৮ টার দিকে গাংনী কসাইখানার সামনে থেকে খাসি ছাগল দুটি উদ্ধার হয়। কসাইখানায় অবস্থানরত জনগণ শহিদুল ইসলামকে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, ছাগল চুরির দায়ে শহিদুল ইসলামকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা প্রক্রিয়াধীন।

মেহেরপুরে নার্সের অবহেলায় শিশুর মৃত্যুর অভিযোগ

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল নার্সের অবহেলায় নুরুল ইসলাম নামের ৪৫ দিন বয়সী এক শিশু মৃত্যু হয়েছে বলে অভিযোগ তার পরিবারের।

নুরুল ইসলাম মেহেরপুর গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ধর্মচাকী গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

তার পারিবারিক সূত্রে জানা গেছে গত চারদিন আগে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নুরুল ইসলামকে ভর্তি করা হয়। এতদিন ঠিকঠাক চিকিৎসা চলছিল আজ শনিবার রাত সাড়ে নয়টার দিকে শিশুটির অবস্থা আশঙ্কাজনক হলে ডিউটি রত নার্স নার্গিস আক্তারকে বিষয়টি অবহিত করলে তিনি বিষয়টি এড়িয়ে যান, এবং ওই ওয়ার্ডেই কর্মরত আয়া রোকসানাকে বিষয়টি দেখতে বলে। এসময় রোকসানা শিশুটির অক্সিজেন খুলে দেয় এর কয়েক মিনিট পরে শিশুটির মৃত্যু হয়।

এদিকে ডিউটিরত নার্স নার্গিস আক্তার বলেন আমাদের অবহেলা করার সুযোগ নাই, বাচ্চাটার অবস্থা আশঙ্কাজনক শুনে আমি সেখানে গিয়েছি যে দেখি বাচ্চাটা মারা গেছে।

কর্তব্যরত চিকিৎসক সউথ কোভিদ বলেন, বাচ্চাকে বেশ কয়েকদিন ধরে ভর্তি রয়েছে। আমরা ঠিকঠাক দেখাশোনা করেছি। আজ রাত সাড়ে নয়টার দিকে আমি শুনতে পেলাম বাচ্চাটির সমস্যা দেখা গিয়েছে আমি তাড়াহুড়ো করে সেখানে যে দেখি বাচ্চাটা মারা গেছে। এর আগে নার্সরা অবহেলা করেছে কিনা সেটা আমার জানা নাই।

বিশেষজ্ঞ চিকিৎসকের পদ দশে শূন্য

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ১০টি জুনিয়র কনসালটেন্ট (বিশেষজ্ঞ) চিকিৎসকের পদ থাকলেও সব কটি পদই শূন্য রয়েছে। শুরু থেকে আজ অবদি শুন্য পদে বিশেষজ্ঞ চিকিৎকের পদ শুন্যই রয়ে গেছে। চিকিৎসক সংকটে ব্যাহত হচ্ছে জনগনের কাংখিত চিকিৎসা সেবা। কমপ্লেক্সেটির একটি আধুনিক ভবন নির্মিত হলেও চিকিৎসক সংকটের কারণে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে সাধারণ জনগন। এখানে আধুনিক ও সুসজ্জ্বিত অপারেশন থিয়েটার থাকলেও অপারেশন বন্ধ পাঁচ বছর ধরে। সাব সেন্টার থেকে চিকিৎসক এনে আউটডোরে ও জরুরী বিভাগের সেবাটি চালু রাখা হয়েছে। তবে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ বলছে, সব সংকট কাটিয়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করার চেষ্টা করা হচ্ছে। গাংনী উপজেলার সাড়ে তিন লাখ মানুষের একমাত্র চিকিৎসা